




দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতাঃ আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক








শনিবার | ৬ নভেম্বর ২০২১ | www.edainikazadi.net রেজিঃ নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ৬২ সংখ্যা | ২১ কার্তিক ১৪২৮ সাল | ২৯ রবিউল আউয়াল ১৪৪৩ হিজরি | ৮ পৃষ্ঠা | ৬ টাকা




*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে পাবলিক হেলথ বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রাম*

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে এমপিএইচ প্রোগ্রামের ওরিয়েন্টেশন

প্রিমিয়ার ইউনিভার্সিটির পাবলিক হেলথ বিভাগের মাস্টার্স অব পাবলিক হেলথ (এমপিএইচ) প্রোগ্রামের ১ম ব্যাচের শিক্ষার্থীদের নিয়ে ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেল ৩ টায় সহকারী অধ্যাপক মো. জাহেদুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, পাবলিক হেলথ বিভাগের অ্যাডভাইজার ডা. সেলিম আকতার চৌধুরী, রেজিস্ট্রার খুরশিদুর রহমান ও বিভাগের সহকারী অধ্যাপক মো. জাহেদুল ইসলাম।

পাবলিক হেলথ বিভাগের অ্যাডভাইজার ডা. সেলিম আকতার চৌধুরী বলেন, সাবেক মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরী প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রতিষ্ঠা করেছিলেন বলেই এই ইউনিভার্সিটিতে মাস্টার্স অব পাবলিক হেলথ প্রোগ্রামে অধ্যয়ন করার সুযোগ সৃষ্টি হলো। এই প্রোগ্রাম মুখ্যত জনস্বাস্থ্য বিষয়ক প্রোগ্রাম। এই প্রোগ্রামের মাধ্যমে একটি দেশের জনস্বাস্থ্যকে রক্ষা করার জন্য যে-জ্ঞানের প্রয়োজন তা শিক্ষার্থীরা অর্জন করে। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 06 November 2021, Page: 3, Col: 1
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2021-11-6

চট্টগ্রাম শনিবার ৬ নভেম্বর ২০২১

# দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক পত্রিকা

রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৬তম বর্ষ ২৫৫ তম সংখ্যা।। ২১ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ।। ২৯ রবিউল আউয়াল ১৪৪৩ হিজরি।। Saturday 6 November 2021।। ৮ পৃষ্ঠার মূল্য ৬ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone






## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মাস্টার্স অব পাবলিক হেলথ প্রোগ্রামের ওরিয়েন্টেশন

প্রিমিয়ার ইউনিভার্সিটির পাবলিক হেলথ বিভাগের মাস্টার্স অব পাবলিক হেলথ প্রোগ্রামের ১ম ব্যাচের শিক্ষার্থীদের নিয়ে ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। সহকারী অধ্যাপক মো. জাহেদুল ইসলামের সঞ্চালনায় গতকাল শুক্রবার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, পাবলিক হেলথ বিভাগের এডভাইজার ডা. সেলিম আকতার চৌধুরী, রেজিস্ট্রার খুরশিদুর রহমান ও বিভাগের সহকারী অধ্যাপক মো. জাহেদুল ইসলাম।

ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, মানুষ জীবনের বিভিন্ন পর্যায়ে বিভিন্ন জায়গায় যায়। যেমন, আপনারা স্কুল ও কলেজে ছিলেন, তারপর উচ্চ শিক্ষায় প্রবেশ করেছেন, এখন বিভিন্ন প্রফেশন থেকে এসে মাস্টার্স অব পাবলিক হেলথ প্রোগ্রামে ভর্তি হয়েছেন। আমার বিশ্বাস, আপনারা এই বিভাগ থেকে যথাযথ শিক্ষা নিয়ে বেরুতে পারবেন।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 06 November 2021, Page: 3, Col: 1
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2021-11-6

শনিবার
চট্টগ্রাম
৬ নভেম্বর ২০২১
২১ কার্তিক ১৪২৮
২৯ রবিউল আওয়াল ১৪৪৩
বর্ষ-৯, সংখ্যা-৩১৪

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh



দেশে করোনা সংক্রমণ উদ্বেগজনক।
বাঁচতে হলে মাস্ক পরিধান করুন।

▶ শুভ সকাল
আজ থেকে কমিউনিটি ক্লিনিকে ৭ দিন কোভিড টিকাদান

▶ দশ কথার এক কথা
প্রধানমন্ত্রীর অ্যাপয়েন্টমেন্ট পেতে অনেকেই লাইন ধরেন : মোমেন

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৬ টাকা

| ▶ চট্টগ্রামে শনাক্ত | মৃত্যু |
|---|---|
| ১,০২,২২৯ | ১,৩২৭ |

▶ শেষ পাতায়
ইতিহাস থেকে বঙ্গবন্ধুর নাম আর মুছে ফেলা যাবে না



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তা ও শিক্ষার্থীরা

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে এমপিএইচ প্রোগ্রামের ওরিয়েন্টেশন

প্রিমিয়ার ইউনিভার্সিটির পাবলিক হেলথ বিভাগের মাস্টার্স অব পাবলিক হেলথ (এমপিএইচ) প্রোগ্রামের ১ম ব্যাচের শিক্ষার্থীদের নিয়ে ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ৫ নভেম্বর বিকেল ৩ টায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, পাবলিক হেলথ বিভাগের অ্যাডভাইজার ডা. সেলিম আকতার চৌধুরী, রেজিস্ট্রার খুরশিদুর রহমান ও বিভাগের সহকারী অধ্যাপক মো. জাহেদুল ইসলাম। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, মানুষ জীবনের বিভিন্ন পর্যায়ে বিভিন্ন জায়গায় যায়। যেমন: আপনারা স্কুল ও কলেজে ছিলেন, তারপর উচ্চশিক্ষায় প্রবেশ করেছেন। এখন বিভিন্ন প্রফেশন থেকে এসে মাস্টার্স অব পাবলিক হেলথ প্রোগ্রামে ভর্তি হয়েছেন। আমার বিশ্বাস, আপনারা এই বিভাগ থেকে যথাযথ শিক্ষা নিয়ে বেরুতে পারবেন। এই বিভাগের শিক্ষকরা তার জন্য যথাসাধ্য চেষ্টা করবেন।

সহকারী অধ্যাপক মো. জাহেদুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রফেসর একেএম তফজল হক আরও বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি অনুভব করে, দেশের মানুষের সুস্থ থাকা ও সুস্থ থাকার বিষয়ে জ্ঞান থাকা অপরিহার্য। 'মাস্টার্স অব পাবলিক হেলথ' প্রোগ্রামের শিক্ষার্থীরা এই জ্ঞান অর্জন করতে সক্ষম হবেন এবং জনস্বাস্থ্য শিল্পের প্রায় ক্ষেত্রে তাঁরা কর্মসংস্থানের সুযোগ পাবেন। তিনি উল্লেখ করেন, এমপিএইচ প্রোগ্রাম শিক্ষার্থীদের সজ্জিত করবে নেতৃত্ব, যোগাযোগ এবং সাংগঠনিক দক্ষতায়, যা তাঁদের বৃহত্তর স্কেল এবং কার্যকর জনস্বাস্থ্য উদ্যোগ বাস্তবায়ন করতে সাহায্য করবে।

পাবলিক হেলথ বিভাগের অ্যাডভাইজার ডা. সেলিম আকতার চৌধুরী বলেন, সাবেক মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরী প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রতিষ্ঠা করেছিলেন বলেই এই ইউনিভার্সিটিতে মাস্টার্স অব পাবলিক হেলথ প্রোগ্রামে অধ্যয়ন করার সুযোগ সৃষ্টি হলো। তিনি এই প্রোগ্রামকে খুবই গুরুত্বপূর্ণ প্রোগ্রাম উল্লেখ করে বলেন, এই প্রোগ্রাম মুখ্যত জনস্বাস্থ্য বিষয়ক প্রোগ্রাম। এই প্রোগ্রামের মাধ্যমে একটি দেশের জনস্বাস্থ্যকে রক্ষা করার জন্য যে-জ্ঞানের প্রয়োজন তা শিক্ষার্থীরা অর্জন করে। একটি দেশের মুখ্য ভিত্তি জনস্বাস্থ্য। জনস্বাস্থ্যের মাধ্যমে কেবলমাত্র জনগণকেই সচেতন করা হয় না, স্বাস্থ্যকর্মীরাও, যেমন: ডাক্তার, নার্স, সমাজবিজ্ঞানী, বস্তুত প্রায় সবক্ষেত্রের মানুষই উপলব্ধি করেন এবং বোঝেন কোন্ কোন্ পদক্ষেপ গ্রহণ করলে দেশের জনস্বাস্থ্যের উন্নয়ন করা সম্ভব হয়। আমাদের দেশের জনগণ জনস্বাস্থ্য বিষয়ে সজাগ নয়, সে-বিষয়টি এই পেনডেমিকের সময়ে দেশ ভালোভাবে উপলব্ধি করেছে। বর্তমানে যে মহামারী চলছে, তা প্রতিরোধ করার জন্য বিপুল পরিমাণে জনস্বাস্থ্যকর্মী প্রয়োজন ছিল, যা বিদগ্ধ মানুষরা উপলব্ধি করেছে।

প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার খুরশিদুর রহমান বলেন, প্রতিকারের পরিবর্তে প্রতিরোধই এমপিএইচ প্রোগ্রামের মূল লক্ষ্য। বিশ্বের উন্নত দেশগুলোতে বিশ্ববিদ্যালয়সমূহে কেবলমাত্র চিকিৎসাবিজ্ঞান নয়, জনস্বাস্থ্য বিজ্ঞান বা এমপিএইচও গুরুত্বের সঙ্গে পঠিত হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 06 November 2021, Page: 2, Col: 1
https://epurbodesh.com/index.php?date=06-11-2021&page=2

চট্টগ্রাম • শনিবার • ৬ নভেম্বর ২০২১ • ২১ কার্তিক ১৪২৮ • ২৯ রবিউল আউয়াল ১৪৪৩ | ৪ পৃষ্ঠা • মূল্য ৩ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৮ সংখ্যা ৮০

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ওরিয়েন্টেশন প্রোগ্রামে অংশগ্রহণকারীরা

# দেশের মূল ভিত্তি জনস্বাস্থ্য

প্রিমিয়ার ইউনিভার্সিটির পাবলিক হেলথ বিভাগের মাস্টার্স অব পাবলিক হেলথ প্রোগ্রামের ১ম ব্যাচের শিক্ষার্থীদের নিয়ে ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ৫ নভেম্বর বিকেলে এতে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, পাবলিক হেলথ বিভাগের অ্যাডভাইজার ডা. সেলিম আকতার চৌধুরী, রেজিস্ট্রার খুরশিদুর রহমান ও বিভাগের সহকারী অধ্যাপক মো. জাহেদুল ইসলাম। বক্তারা বলেন, মানুষ জীবনের বিভিন্ন পর্যায়ে বিভিন্ন জায়গায় যায়। যেমন, আপনারা স্কুল ও কলেজে ছিলেন, তারপর উচ্চ শিক্ষায় প্রবেশ করেছেন, এখন বিভিন্ন প্রফেশন থেকে এসে মাস্টার্স অব পাবলিক হেলথ প্রোগ্রামে ভর্তি হয়েছেন। দেশের মানুষের সুস্থ থাকা ও সুস্থ থাকার বিষয়ে জ্ঞান থাকা অপরিহার্য।

## প্রিমিয়ার ইউনিভার্সিটি এমপিএইচ প্রোগ্রামের ওরিয়েন্টেশন

সহকারী অধ্যাপক মো. জাহেদুল ইসলামের সঞ্চালনায় এতে আরও বক্তব্য রাখেন পাবলিক হেলথ বিভাগের অ্যাডভাইজার ডা. সেলিম আকতার চৌধুরী।তিনি বলেন, এই প্রোগ্রামের মাধ্যমে একটি দেশের জনস্বাস্থ্যকে রক্ষা করার জন্য যে জ্ঞানের প্রয়োজন তা শিক্ষার্থীরা অর্জন করে। একটি দেশের মুখ্য ভিত্তি জনস্বাস্থ্য। জনস্বাস্থ্যের মাধ্যমে কেবলমাত্র জনগণকেই সচেতন করা হয় না, স্বাস্থ্যকর্মীরাও, যেমন, ডাক্তার, নার্স, সমাজবিজ্ঞানী, বস্তুত প্রায় সবক্ষেত্রের মানুষই উপলব্ধি করেন এবং বোঝেন কোন্ কোন্ পদক্ষেপ গ্রহণ করলে দেশের জনস্বাস্থ্যের উন্নয়ন করা সম্ভব হয়। আমাদের দেশের জনগণ জনস্বাস্থ্য বিষয়ে সজাগ নয় যে, সে-বিষয়টি এই পেনডেমিকের সময়ে দেশ ভালোভাবে উপলব্ধি করেছে। বর্তমানে যে মহামারী চলছে, তা প্রতিরোধ করার জন্য বিপুল পরিমাণে জনস্বাস্থ্যকর্মী প্রয়োজন ছিল, যা বিদগ্ধ মানুষরা উপলব্ধি করেছে।

প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার খুরশিদুর রহমান বলেন, প্রতিকারের পরিবর্তে প্রতিরোধই এমপিএইচ প্রোগ্রামের মূল লক্ষ্য। বিশ্বের উন্নত দেশগুলোতে বিশ্ববিদ্যালয়সমূহে কেবলমাত্র চিকিৎসাবিজ্ঞান নয়, জনস্বাস্থ্য বিজ্ঞান বা এমপিএইচও গুরুত্বের সঙ্গে পঠিত হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 06 November 2021, Page: 2, Col: 5
https://esuprobhat.com/index.php?page=1&date=2021-11-6